

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
কারিগরি শিক্ষা অধিদপ্তর  
এফ-৪/বি, আগারগাঁও প্রশাসনিক এলাকা  
ঢাকা-১২০৭।

স্মারক নং- ৩৭.০৩.০০০০.০১২.০৪.০৩৪.১৬-০৬

তারিখ- ০৩/০১/২০১৯খ্রিঃ।

## ২য় কারণ দর্শানোর নোটিশ

যেহেতু, আপনি জনাব মোঃ জমশেদ আলী, ষ্টোরকিপার, ফরিদপুর পলিটেকনিক ইনস্টিটিউট, ফরিদপুর কর্তৃপক্ষের অনুমতি ব্যতীত কর্মস্থলে অনুপস্থিত রয়েছেন এবং আপনার দায়িত্বে চরম অবহেলা, অমনোযোগিতার কারণে ষ্টোর এর কার্যক্রম ব্যাহত হচ্ছে; এবং

যেহেতু, আপনাকে কারিগরি শিক্ষা অধিদপ্তরের স্মারক নং- ৩৭.০৩.০০০০.০১২.১২.০০৪.১৫-৮৭৪, তারিখ- ২৪/১২/২০১৫ খ্রিঃ মোতাবেক ফরিদপুর পলিটেকনিক ইনস্টিটিউট, ফরিদপুর এ বদলী করায় পূর্ববর্তী কর্মস্থল বাংলাদেশ ইনস্টিটিউট অব গ্লাস এন্ড সিরামিকস হতে স্মারক নং- বাইগাসি/ব্যক্তি-১৪৩/১২(১৮), তারিখ-০৫/০১/২০১৬ খ্রিঃ মোতাবেক ০৬/০১/২০১৬ খ্রিঃ তারিখ হতে ছাড়পত্র দেয়া সত্ত্বেও যথাসময়ে বদলীকৃত কর্মস্থলে যোগদান করেননি; এবং

যেহেতু, আপনি বাংলাদেশ ইনস্টিটিউট অব গ্লাস এন্ড সিরামিকস এর ষ্টোর এর দায়িত্ব হস্তান্তর না করায় ইনস্টিটিউট এর ২০১৬-২০১৭ অর্থবছরের সার্বিক কার্যক্রম ও বার্ষিক ক্রয় প্রক্রিয়ায় প্রতিবন্ধকতা সৃষ্টি হয়েছে; এবং

যেহেতু, আপনি ছাড়পত্র প্রদানের ৪১ দিন পরে ১৭/০২/২০১৬ তারিখে বদলীকৃত কর্মস্থল ফরিদপুর পলিটেকনিক ইনস্টিটিউট, ফরিদপুর এ যোগদান করার পর ১১/০৩/২০১৬ তারিখ সর্বশেষ মৌখিকভাবে ২ দিনের নৈমিত্তিক ছুটি নিয়ে কর্মস্থল ত্যাগ করে অদ্যাবধি কর্মস্থলে যোগদান করেননি; এবং

যেহেতু, আপনার বিরুদ্ধে গঠিত অভিযোগনামা ও অভিযোগ বিবরণীর প্রেক্ষিতে আপনি যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে কোনো জবাব দাখিল না করায় কারিগরি শিক্ষা অধিদপ্তরের স্মারক নং-৩৭.০৩.০০০০.০১২.০৪.০৩৪.১৬-১৪৫, তারিখ-১৫/০৩/২০১৮ খ্রিঃ মোতাবেক গঠিত তদন্ত কমিটির দাখিলকৃত প্রতিবেদনে আপনার ৯৯১ (নয়শত একানব্বই) দিন কর্মস্থলে অননুমোদিতভাবে অনুপস্থিত থাকা ও দায়িত্বে অবহেলার বিষয়টি প্রাথমিকভাবে প্রমাণিত হয়েছে; এবং

যেহেতু, এতদুদ্দেশ্যে গঠিত তদন্ত কমিটির তদন্ত প্রতিবেদনে আপনার বিরুদ্ধে “সরকারী কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা ২০১৮” এর ৩।(খ) ও ৩।(গ) ধারা অনুযায়ী যথাক্রমে “অসদাচরণ” ও “পলায়ন” এর অভিযোগ প্রমাণিত হওয়ায় একই বিধিমালার ধারা ৪।(খ) অনুযায়ী গুরুদণ্ডের আওতায় চাকরি থেকে অপসারণ (Removal from Service) করা যুক্তিযুক্ত বলে প্রতীয়মান হয়েছে;

সেহেতু, “সরকারী কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ২০১৮” এর বিধি ৩।(খ) মতে ‘অসদাচরণ’ এবং ৩।(গ) মতে ‘পলায়ন’ এর অভিযোগ প্রমাণিত হওয়ায় একই বিধিমালার ৭।(৯) এর আলোকে গুরুদণ্ডের আওতায় কেন আপনাকে চাকরি থেকে “অপসারণ (Removal from Service)” করা হবে না সে বিষয়ে নোটিশ প্রাপ্তির ০৭ (সাত) কার্যদিবসের মধ্যে আপনাকে লিখিতভাবে কর্তৃপক্ষ বরাবর কারণ দর্শানোর জবাব প্রেরণের জন্য নির্দেশ প্রদান করা হ’ল। নির্ধারিত সময়ের মধ্যে কোন জবাব না পাওয়া গেলে উল্লিখিত বিষয়ে আপনার কোন বক্তব্য নেই বলে ধরে নেয়া হবে এবং বিধি অনুযায়ী পরবর্তী কার্যক্রম গ্রহণ করা হবে। এ সাথে তদন্ত কমিটি কর্তৃক দাখিলকৃত তদন্ত প্রতিবেদনের কপি প্রেরণ করা হলো।

স্বাক্ষরিত/-  
(অশোক কুমার বিশ্বাস)  
অতিরিক্ত সচিব (কারিগরি)  
ও  
মহাপরিচালক (অতিরিক্ত দায়িত্ব)

### বর্তমান ঠিকানাঃ

জনাব মোঃ জমশেদ আলী  
ষ্টোরকিপার  
ফরিদপুর পলিটেকনিক ইনস্টিটিউট, ফরিদপুর।

### স্থায়ী ঠিকানাঃ

জনাব মোঃ জমশেদ আলী  
পিতাঃ মৃত ইস্তাজ আলী মুনসী  
গ্রাম+পোঃ জামিরা, ভায়া-নানিন্দা,  
উপজেলাঃ জামালপুর সদর, জেলাঃ জামালপুর।

স্মারক নং- ৩৭.০৩.০০০০.০১২.০৪.০৩৪.১৬-০৬(৩)


তারিখ- ০৩/০১/২০১৯খ্রিঃ।

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হলঃ

১। অধ্যক্ষ, ফরিদপুর পলিটেকনিক ইনস্টিটিউট, ফরিদপুর।

২। ভারপ্রাপ্ত কর্মকর্তা, আইসিটি সেল, কারিগরি শিক্ষা অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা-১২০৭। (পত্রটি ওয়েব সাইটে প্রকাশের জন্য অনুরোধ জানানো হলো)।

৩। সংরক্ষণ নথি।

  
(নাজমুন নাহার)  
সহকারী পরিচালক-৩  
কারিগরি শিক্ষা অধিদপ্তর।  
ফোন-০২-৮১৮১২২৫